দৈনিক
ইত্তেফাক

তারিখ : 13 NOV 2016
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১-৬

# ডোমারে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ ৮১টি পদ শূন্য

■ ডোমার (নীলফামারী) সংবাদদাতা

ডোমার উপজেলায় সরকারি ও নব্য জাতীয়করণকৃত বিদ্যালয়ে ৫৬ জন প্রধান শিক্ষকসহ ৮১টি সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। বিপুলসংখ্যক শিক্ষকের পদ শূন্য থাকায় ঐসব বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানায়, একটি পৌরসভা ও ১০টি ইউনিয়নে ১৪৫টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। ১৪৫টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫৬টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য দীর্ঘদিন ধরে এবং সহকারী শিক্ষকদের পদ শূন্য রয়েছে ২৫টি। এ ছাড়া ৬৯টি প্রধান শিক্ষকের পদোন্নতির জন্য নামের তালিকা জেলা প্রাথমিক শিক্ষা অফিস, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে লিখিতভাবে জানানো হয়েছে।